



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাতে

সৌন্দর্য্য ভালোত্ব থেকে আসে

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।

আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।

মাদাদ ইয়া রাসুল আল্লাহু, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহু, মাদাদ ইয়া মাশাইখিনা,

শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।

তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

আল্লাহকে ধন্যবাদ যে আমরা আমাদের ভাইদের সাথে আবার মিলিত হয়েছি। যেসব লোকেরা আল্লাহর পথে আছে এবং যারা আল্লাহ আদেশসমূহ পালন করে তারা সবসময়ই স্বস্তিময় এবং নিশ্চিত থাকে ইনশাআল্লাহ। আমাদের চিন্তা শুধুমাত্র উম্মাতি মুহাম্মাদের অবস্থা নিয়ে।

আল্লাহ (জাঃজাঃ) পথ দেখিয়েছেন, সুন্দর পথ। যখন মানুষ সেই পথ থেকে সরে যায় তারা ভাবে, "আমি স্বস্তি পাবো এবং আমি সুখী হবো", কিন্তু বাস্তবে তারা ভুল। সকল দুঃখ, দুর্ভাগ্য এবং যা অনিষ্ট আছে তা তাদের উপর পতিত হয়। যদি তারা ভাবেও যে তারা ঠিক আছে – যা তারা ভাবে না – তারা তবুও অসুখী হয়। কারণ আল্লাহ ঘটাতে না চাইলে কিছুই ঘটে না। সবকিছুই ঠিকভাবে হবে যখন আল্লাহ তা চাইবেন।

আল্লাহ ভালোত্বের মাঝে সৌন্দর্য্য রেখেছেন। খারাপে, নোংরামিতে এবং গুনাহতে কোন স্বস্তি নেই। সেখানে দুঃখ আছে। দুঃখ আছে এই পৃথিবীতে এবং আখিরাতে। এই পৃথিবী সংক্ষিপ্ত। যা গুরুত্বপূর্ণ তা হচ্ছে আখিরাতে। তাই এই পৃথিবীতে তুমি দুঃখী হলে না সুখী হলে তা গুরুত্বপূর্ণ নয়। তবে যেসব মানুষেরা আল্লাহর পথে থাকে, ধনী বা দরিদ্র, আল্লাহ তাদেরকে শান্তি এবং সৌন্দর্য্য দান করেন। যখন অন্তরে শান্তি থাকে তখন এই পৃথিবী তাদের কাছে জান্নাতের মত লাগে। কিন্তু শান্তি না থাকলে মানুষের কাছে দুনিয়ার যত টাকাই থাকুক, যা ইচ্ছা থাকুক, কোন কিছুই কোন কাজের নয়।

আমরা যেখানে গিয়েছে এবং যেখানে ঘুরেছি করেছি সেখানে ভালো লোকদের সাথে সাক্ষাত হয়েছে, আল্লাহকে ধন্যবাদ। তারা আল্লাহর জন্য এসেছে, আল্লাহর ওয়াস্তে। ওখানে কোন পার্থিব লাভ ছিল না। তাদের প্রত্যাশা ছিল শুধু দু'আ। তারা দু'আ চেয়েছে যেন তাদের সন্তানেরা সঠিক পথে থাকে এবং সরে না যায় সঠিক পথ থেকে। তারা টাকা-পয়সা চায়নি। তারা শুধু দু'আর মত একটি সাহায্য চেয়েছে।

আল্লাহ আমাদের সবাইকে সঠিক পথে রাখুন এবং উম্মাতি মুহাম্মাদের বাচ্চাদেরকে নিরাপদ রাখুন। সেখানে প্রচুর শয়তান আছে কিন্তু এখানেও শয়তান আছে। তাই ভেবো না যে তারা সেখানে আছে [যুক্তরাজ্যে] আর আমরা এখানে [তুরস্কে] নিরাপদে আছি। তোমাদের নাফসের কথা মেনো না। সাবধান থাকো।



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

বাচ্চাদের ব্যাপারে সাবধান হও যেন তারা সঠিক পথে থাকে। তাদেরকে সুন্দর পথ দেখাও। তাদেরকে খারাপ পথ দেখিও না। সুন্দরটি তাদেরকে বার বার দেখাও। এটি একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে যা পরিবার থেকে আসে। তাই এটি পরিবারেই প্রথম শেখা হয়। মাকে প্রথমে তা শেখাতে হবে। অতঃপর ধীরে ধীরে, বীজটি ভিতরে থাকলে তা একসময় নিশ্চয়ই সবুজ হবে।

আল্লাহ্ আমাদের নিরাপদ রাখুন। আল্লাহ্ আমাদের সুস্বাস্থ্য এবং সুক্ষুধা দান করুন ইনশাআল্লাহ। আমরা সবাই যেন শয়তানের অনিষ্ট থেকে নিরাপদ থাকি ইনশাআল্লাহ। যেখানেই আমরা যাই সেখানেই যেন ভালো মানুষদের সাথে থাকি ইনশাআল্লাহ।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
১৯ ফেব্রুয়ারি ২০১৭/২২ জুমা দিল আউয়াল ১৪৩৮
ফাজার নামায, আকবাবা দারগাহ।